



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd



EMIS
D-11
মুজিব

স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৪১.২০২০/৭৪৫

তারিখ : ১৬ মার্চ ২০২০ খ্রি.
২ চৈত্র ১৪২৭ ব.

বিষয় : সাধারণ শিক্ষা ধারায় বৃত্তিমূলক কোর্সে নিয়োগকৃত জনবলের (ট্রেড ইনস্ট্রাক্টর, ল্যাব এসিসটেন্ট/কম্পিউটার ল্যাব এসিসটেন্ট) এমপিওভুক্তি প্রসঙ্গে।

- সূত্র : ১। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০২.২০.০৩৭.১৪-৬৭৮, তারিখ: ০৩ নভেম্বর, ২০১৯ খ্রি।
২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.০০২.০০১.২০১৯.৩২৫, তারিখ: ০১.১২.২০১৯ খ্রি।
৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.৯৯.৪১.২০২০/৩২৪, তারিখ: ০৬.০২.২০২০ খ্রি।
৪। সেন্সিপ-এর স্মারক নং: মাউশি/সেন্সিপ/২-৪৬৫/Pre.Voc-Voc.Edu (পার্ট-৪)/২০১৯/৫৭৫৭, তারিখ: ০৯.০৩.২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেন্সিপ)-এর সংস্থান অনুসারে সাধারণ শিক্ষা ধারায় বৃত্তিমূলক কোর্স চালু করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত ৫২৮টি মাধ্যমিক বিদ্যালয়ে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ সংশোধনক্রমে (প্রতিটি প্রতিষ্ঠানে ০২টি ট্রেড ইনস্ট্রাক্টর এবং ০২টি ল্যাব এ্যাসিস্ট্যান্ট/ কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্ট পদসহ মোট ০৪টি পদ অন্তর্ভুক্ত করে) জনবল নিয়োগের জন্য অর্থ বিভাগের সম্মতিক্রমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হতে উপর্যুক্ত ২নং সূত্রোক্ত পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে এনটিআরসিএ কর্তৃক ইতোমধ্যে মোট ৪০৫টি স্কুলে ৬২৪ জন ট্রেড ইনস্ট্রাক্টর নিয়োগের লক্ষ্যে মনোনয়ন প্রদান করা হয়েছে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্বাচিত ৫২৮টি বেসরকারি স্কুলে ট্রেড ইনস্ট্রাক্টর এবং ল্যাব এ্যাসিস্ট্যান্ট/ কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্ট পদগুলোতে নিয়োগের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে নির্বাচিত স্কুলসমূহে নিয়োগপ্রাপ্ত ট্রেড ইনস্ট্রাক্টর এবং ল্যাব এ্যাসিস্ট্যান্ট/ কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্টদের এমপিওভুক্তির লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এমপিও মডিউল-এ বর্ণিত পদগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে ইএমআইএস সেল মতামত দিয়েছেন।

০২। এমতাবস্থায়, বর্ণিত কার্যক্রমের আওতায় শুধুমাত্র তালিকাভুক্ত ৫২৮টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে (কোনক্রমে এই তালিকার বর্হিভূত কোন বিদ্যালয় এ কার্যক্রমের আওতায় পরবে না) নিয়োগপ্রাপ্ত ট্রেড ইনস্ট্রাক্টর এবং ল্যাব এ্যাসিস্ট্যান্ট/ কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্টদের এমপিওভুক্তির অনলাইন আবেদন প্রক্রিয়াকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৫২৮টি প্রতিষ্ঠানের তালিকা

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিতরণ:

১. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ ময়মনসিংহ/ রাজশাহী/ চট্টগ্রাম/ কুমিল্লা/রংপুর/বরিশাল/খুলনা/ সিলেট অঞ্চল।
২. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৩. উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
৪. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেন্সিপ)।
৫. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।

